

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি-২ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৬২

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তর এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে জনবল নিয়োগের ক্ষেত্রে “পরীক্ষা ফি” নিম্নরূপ ভাবে পুনঃনির্ধারণ করা হলো:

ক্রমিক	পদের গ্রেড	“পরীক্ষা ফি” হার (টাকা)
১	৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেড (নন ক্যাডার)	৬০০/- (ছয়শত)
২	১০ম গ্রেড	৫০০/- (পাঁচশত)
৩	১১তম এবং ১২ তম গ্রেড	৩০০/- (তিনশত)
৪	১৩তম থেকে ১৬তম গ্রেড	২০০/- (দুইশত)
৫	১৭তম থেকে ২০ তম গ্রেড	১০০/- (একশত)

শর্তাবলি:

- ক) টেলিটক বাংলাদেশ লিমিটেডের মাধ্যমে অনলাইনে আবেদন ও “পরীক্ষা ফি” গ্রহণ করা যাবে এবং “পরীক্ষা ফি” বাবদ সংগৃহীত অর্থের সর্বোচ্চ ১০% কমিশন হিসেবে টেলিটক বাংলাদেশ লিমিটেডকে প্রদান করা যাবে;
 - খ) টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক “পরীক্ষা ফি” বাবদ অর্থ গ্রহণের পরবর্তী ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ব্যাংক চেকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে জমা প্রদানের পর উক্ত প্রতিষ্ঠান অবিলম্বে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করবে, তবে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান প্রয়োজনীয় ক্ষেত্রে উক্ত অর্থ নিজস্ব ব্যাংক হিসেবে জমা করতে পারবে;
 - গ) “অনলাইন আবেদন” গ্রহণ না করা হলে “পরীক্ষা ফি” বাবদ অর্থ চালানোর মাধ্যমে গ্রহণ করতে হবে। তবে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক ড্রাফট/পে অর্ডারে এ অর্থ গ্রহণ করতে পারবে;
 - ঘ) “পরীক্ষা ফি” বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের “১৩ ডিজিট প্রাতিষ্ঠানিক কোড” এবং “০৭ ডিজিট নতুন অর্থনৈতিক কোড ১৪২২৩২৬” এ অটোমেটেড চালানে সরকারি কোষাগারে জমা করতে হবে; এবং
 - ঙ) কোন প্রতিষ্ঠান ম্যানুয়াল চালানে (টিআর ফরম) “পরীক্ষা ফি” জমা করতে চাইলে “১- প্রাতিষ্ঠানিক কোড (চার অংক বিশিষ্ট)-পরিচালনা কোড (চার অংক বিশিষ্ট)-অর্থনৈতিক কোড (২০৩১)” এ জমা করতে হবে।
- ২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২২/০৯/২০

(মোহাঃ নারগিস মুরশিদা)

উপসচিব

ফোনঃ ৯৫১৪৪৮৭


নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৬২

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

- ০২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। সিনিয়র সচিব/সচিব-----মন্ত্রণালয়/বিভাগ (সকল) (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৫। সচিব (সরকারের সচিব) বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০৬। বিভাগীয় কমিশনার----- (সকল) (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ ভবন, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক----- (সকল বিভাগ) (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ----- (সকল)।
- ১২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ১৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ১৪। উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-বাংলাদেশ গেজেটে প্রকাশের এবং প্রকাশিত গেজেটের ১০০ (একশত) কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।
- ১৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ ----- (সকল)।
- ১৭। অফিস কপি।


22/07/22
(মোছাঃ নারগিস মুরশিদা)
উপসচিব